

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 28-08-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকারের লক্ষ্য রাজ্যের নারীদের স্বনির্ভর করে তোলা এবং একটি আত্মনির্ভর রাজ্য গঠন করা।
- (২) সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকার গঠিত হওয়ার পর রাজ্য জাতীয় সড়কের উন্নয়নের জন্য ২২ হাজার কোটি টাকা ব্যয় করা হয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ জাপান সফরে যাচ্ছেন।
- (৪) জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষ্যে আগামীকাল সকাল ১১টায় রাজ্যভিত্তিক মূল অনুষ্ঠানটি হবে আগরতলার টাউন হলে।

CM-Integrated Farming Clusters :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকারের লক্ষ্য রাজ্যের নারীদের স্বনির্ভর করে তোলা এবং একটি আত্মনির্ভর রাজ্য গঠন করা। পশাপাশি রাজ্যের গ্রামীণ অর্থনীতিকে সমৃদ্ধ করে তোলা। আজ আগরতলার একটি বেসরকারী হোটেলে উত্তর পূর্বাঞ্চলের রাজগুলির সমন্বিত কৃষি ক্লাস্টার সম্পর্কিত জাতীয়স্তরের কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক এবং রাজ্য গ্রামোন্নয়ন দপ্তর, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের যৌথ উদ্যোগে তিনিইব্যাপী এই কর্মশালার আয়োজন করা হয়েছে।

কর্মশালায় মুখ্যমন্ত্রী বলেন, জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের অধীনে ইন্টিগ্রেটেড ফার্মিং ক্লাস্টার গ্রামীণ অর্থনীতির উন্নতিকরণে এবং গ্রামীণ নাগরিকদের জীবনজীবিকার মান উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে।

মুখ্যমন্ত্রী বলেন, মহিলা স্ব-সহায়ক দলের সদস্যদের আয় বৃদ্ধির জন্য ভারত সরকারের গ্রামীণ উন্নয়ন মন্ত্রক দীনদয়াল অন্ন্যোদয় যোজনা জাতীয় গ্রামীণ জীবিকা মিশনের অধীনে ইন্টিগ্রেটেড ফার্মিং ক্লাস্টারের পরিকল্পনা হাতে নিয়েছে। রাজ্যে ৩২ কোটি টাকা ব্যয়ে ৮০টি ইন্টিগ্রেটেড ফার্মিং ক্লাস্টার স্থাপনের কাজ চলছে।

তিনি বলেন, বর্তমানে সারা রাজ্যে ৫৪ হাজার ১১৩টি স্ব-সহায়ক দল, ২ হাজার ৪৭০টি ভিলেজ অর্গানাইজেশন এবং ১৭৫টি ক্লাস্টার স্তরের ফেডারেশনে ৪ লক্ষ ৮৫ হাজার মহিলা যুক্ত রয়েছেন।

মুখ্যমন্ত্রী বলেন, কৃষি ও প্রাণীসম্পদ নির্ভর জীবিকা অর্জনে এখন পর্যন্ত ৩ লক্ষ ১৩ হাজারের উপর মহিলা কৃষককে সহায়তা করা হয়েছে। রাজ্যও 'লাখপতি দিদি' গড়ে তোলার কাজ এগিয়ে চলছে। এখন পর্যন্ত ১ লক্ষ ৮০ হাজার ২৪১ জন লাখপতি দিদি হয়ে উঠেছেন।

Byte-CM # # # #

বক্তব্য রাখেন কেন্দ্রীয় গ্রামোন্নয়ন দপ্তরের অধিকর্তা রাজেশ্বরী এস. এম।

* * * * *

Biplab Kumar Deb :

সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকার গঠিত হওয়ার পর রাজ্যে জাতীয় সড়কের উন্নয়নের জন্য ২২হাজার কোটি টাকা ব্যয় করা হয়েছে। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন রাজ্য ও কেন্দ্রীয় সরকার দেশের ও রাজ্যের অগ্রগতির জন্য সবধরনের চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি বলেন অষ্টাদশ লোকসভায় সাংসদ এলাকা উন্নয়ন প্রকল্পের অন্তর্গত বিভিন্ন সামাজিক প্রকল্পের জন্য ৭ কোটি ৯০ লক্ষ ৪১ হাজার ৫৮২ টাকার অনুমোদন দেওয়া হয়েছে। তাছাড়া অন্ত ভারত স্টেশন গুলির উন্নয়নে ৩৭ হাজার কোটি টাকা ব্যয় করা হয়েছে। তিনি বলেন আগরতলা - হরিপুর পর্যন্ত সপ্তাহে একদিন রেল চালানোর বিষয়ে কেন্দ্রীয় রেল মন্ত্রী আশ্বাস দিয়েছেন। সাংসদ শ্রী দেব আগরতলা এমবিবি বিমানবন্দরে রাজ্যের হস্তশিল্প ও হস্তান্তরে একটি স্টেল খোলার বিষয়টিও কেন্দ্রীয় সরকারের

বিবেচনাধীন রয়েছে বলে তিনি জানান। তাছাড়া স্বামীত্ব প্রকল্পের অন্তর্গত ৫ লক্ষ ৭১ হাজার কার্ড ৮৯৩টি গ্রামে বিতরণ করা হয়েছে বলে তিনি জানান। শ্রী দেব বলেন শীঘ্ৰই ত্ৰিপুৱাতে রোপ ওয়েৱ ব্যবস্থা চালু করা হবে। তাছাড়া চূড়াইবাড়ি আগৱতলার সড়কের অগ্রগতিৰ বিষয়টিও সমাধান হবে বলে তিনি জানান।

* * * * *

CM-Pragna Bhawan :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, শিশুদের সঠিক সুরক্ষা প্রদানের মাধ্যমে শিশু শ্রম, বাল্যবিবাহ দূর করে একটি সুন্দর সমাজ তথা দেশ গড়ে তুলতে হবে। আজ আগৱতলার প্ৰজ্ঞাভবনে জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের সহযোগিতায় আয়োজিত শিশু অধিকার শীৰ্ষক উওৱ পূৰ্বাঞ্চলভিত্তিক সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার শিশু অধিকার সুরক্ষায় নানা পদক্ষেপ নিয়েছে। ভাৰত সরকার শিশু সুরক্ষাকে সঠিকভাবে বজায় ৱাখতে নানা আইন প্ৰণয়ন কৰেছে।

মুখ্যমন্ত্রী বলেন, ত্ৰিপুৱায় শিশুদের নিৱাপত্তা ও সাৰ্বিক কল্যাণে মোট চারটি চাইল্ড কেয়াৰ ইনসিটিউশনের মাধ্যমে। ১৪৭ জন শিশুকে লালন পালন কৰা হচ্ছে। জুভেনাইল জাস্টিস মেকানিজমের ক্ষেত্ৰে শিশুদেৱ জন্য রাজ্যে ৮টি জেলাতে জাস্টিস বোর্ড গঠন কৰা হয়েছে এবং ৮টি জেলাতে অভাৱী বা অনাথ শিশুদেৱ যন্ত্ৰ, সুৱার্স্থা ও পুনৰ্বাসনে চাইল্ড কেয়াৰ কমিটিগুলি কাজ কৰছে।

মুখ্যমন্ত্রী বলেন, স্পনসৱশিপ কৰ্মসূচিৰ মাধ্যমে রাজ্যেৱ ৪ হাজার ২৩৪টি শিশুৰ শিক্ষা, চিকিৎসা ও সঠিক পৱিত্ৰ্যাৰ জন্য পাৰিবাৱিকভাৱে প্ৰতি মাসে ৪ হাজার টাকা কৱে সহায়তা দেওয়া হচ্ছে। বৰ্তমানে রাজ্যে ৮টি জেলাতেই শিশু সুৱার্স্থায় বিশেষ জুভেনাইল পুলিশ ইউনিট চালু কৰা হয়েছে।

রাজ্যে প্ৰতিটি জেলাতেই শিশুদেৱ জনা ওয়ান স্টপ সেন্টোৱ চালু কৰা হয়েছে। নতুন আৱো ২টি ওয়ান স্টপ সেন্টোৱ কৰা হবে।

রাজ্যে কয়েক বছরে ২ লক্ষ ২৯ হাজার শিশুকে অঙ্গনওয়াড়ি কেন্দ্র ও পোষণ অভিযানের মাধ্যমে নানা পরিষেবার আওতায় আনা হচ্ছে।

Byte-CM#####

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেন, শিশুদের সুরক্ষায় প্রধানমন্ত্রী মাত্রপুষ্টি প্রকল্পে ৫ হাজার টাকা ও মুখ্যমন্ত্রী মাত্রপুষ্টি প্রকল্পে প্রতিমাসে ২ হাজার টাকা করে সহায়তা দেওয়া হচ্ছে।

অনুষ্ঠানে জাতীয় শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন ও কেন্দ্রীয় সরকারের মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব তৃপ্তি গোরহা বলেন, কেন্দ্রীয় সরকার উত্তর পূর্বাঞ্চলের রাজগুলিতে বাল্যবিবাহ, শিশু শ্রম সম্পূর্ণ ক্লপে দূর করতে এবং শিশুদের সঠিক সুরক্ষায় নানা পদক্ষেপ নিয়ে কাজ করছে। পকমো আইন সহ শিশুদের সুরক্ষায় নানা আইন প্রণয়ন করা হচ্ছে। উপস্থিত ছিলেন মণিপুরের এস.সিপিসিআর-এর চেয়ারপার্সন কৈশ্যাম প্রদীপ কুমার, আসাম এস.সি.পি.সি.আর-এর চেয়ারপার্সন শ্যামল প্রসাদ সইকিয়া ও ত্রিপুরা চাইন্ড প্রোটেকশন চাইন্ড কেয়ার ডিসিপিসিআর-এর চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা প্রমুখ।

Update Akashvani :

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

* * * * *

PM, Japan :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পাঁচদিনের জাপান ও চীন সফরে যাচ্ছেন। তিনি সেখানে পঞ্চদশ ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলনে অংশ নেবেন। এটি হবে প্রধানমন্ত্রী মোদীর জাপানে অষ্টম সফর এবং সেদেশের প্রধানমন্ত্রী শিগেরু ইশিবার সাথে প্রথম শীর্ষ সম্মেলন। বিদেশ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে যে এই সফরে দুই প্রধানমন্ত্রী ভারত ও জাপানের মধ্যে বিশেষ কৌশলগত এবং বৈশ্বিক অংশীদারিষ্ঠ পর্যালোচনা করবেন, যার মধ্যে রয়েছে প্রতিরক্ষা ও নিরাপত্তা, বাণিজ্য ও অর্থনীতি, প্রযুক্তি ও উন্নয়ন এবং জনগণের মধ্যে আন্তঃসংযোগ। তারা আঞ্চলিক ও বৈশ্বিক ওরুঙ্গের বিষয়গুলি নিয়েও আলোচনা করবেন। এই সফর দুই দেশের মধ্যে দীর্ঘস্থায়ী বিশেষ বন্ধুত্বের বন্ধনকে পুনঃপ্রতিষ্ঠিত করবে বলে আশা করা হচ্ছে।

সফরের দ্বিতীয় পর্যায়ে, প্রধানমন্ত্রী চীনের রাষ্ট্রপতি শি জিংপিংয়ের আমন্ত্রণে তিয়ানজিনে সাংহাই সহযোগিতা সংস্থার শীর্ষ সম্মেলনে যোগদানের জন্য ৩১শে আগস্ট থেকে ১লা সেপ্টেম্বর পর্যন্ত চীন সফর করবেন। শীর্ষ সম্মেলনের পাশাপাশি, প্রধানমন্ত্রী শীর্ষ সম্মেলনে যোগদানকারী বেশ কয়েকজন নেতার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করার কথা রয়েছে।

* * * * *

Voice Over-11 Years of PM Jana Dhan Yojana :

এগারো বছর আগে আজকের দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চালু করেন প্রধানমন্ত্রী জনধন যোজনা বা PMJDY. দেশের প্রতিটি পরিবারের আর্থিক অন্তর্ভুক্তির নিশ্চিত করার লক্ষ্যে ব্যাংকিং ব্যবস্থা, ঋণ সুবিধা, বীমা এবং পেনশন বা অবসর ভাতার মতো বিষয়ে আওতাভুক্তির সুযোগ দেশের

প্রত্যেক নাগরিকের জন্য সহজলভ্য করতে চালু হয় এই যোজনা। একটি প্রতিবেদন।

#####VC#####

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

National Sports Day :

আগামীকাল জাতীয় ক্রীড়া দিবস। এ উপলক্ষ্যে আগামীকাল সকাল ১১টায় রাজ্যভিত্তিক মূল অনুষ্ঠানটি হবে আগরতলার টাউন হলে। এতে প্রতিভাবান খেলোয়াড়দের সম্বৰ্ধিত করা হবে। ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে এথবর জানিয়ে বলেন, রাজ্যের সমস্ত মহকুমা এবং জেলাস্তরেও জাতীয় ক্রীড়া দিবস পালিত হবে। উনকোটি, নীরমহল এবং আগরতলার উজ্জয়ন্ত প্রাসাদ - রাজ্যের এই ৩টি আইকনিক স্থানে সকাল ৭টায় যোগা প্রদর্শন করা হবে। ৩০শে আগস্ট বিকেল ৩টায় বাধারঘাট দশরথ দেব স্টেট স্পোর্টস কমপ্লেক্সে এথলেটিক্স, সাঁতার, জুড়ো, টেনিস, জিমন্যাস্টিক্স, ফুটবল, কাবাডি, ভলিবল, ব্যাডমিন্টন ও হকি প্রতিযোগিতার অযোজন করা হবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা উপস্থিতি থাকবেন। ৩০শে আগস্ট বিভিন্ন জেলাস্তরে কমপক্ষে ৩টি ও মহকুমাস্তরে ২টি ক্রীড়া ইভেন্টে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ৩১শে আগস্ট সমস্ত মহকুমা ও জেলার সাথে রাজ্য স্তরেও সানডে সাইকেল রেলী অনুষ্ঠিত হবে। ক্রীড়ামন্ত্রী জাতীয় ক্রীড়া দিবস উপলক্ষ্যে রাজ্যের সমস্ত স্কুল কলেজের

ছাত্রছাত্রী সহ সামাজিক সংগঠনের সদস্যদের কমপক্ষে ১ ঘণ্টা খেলাধূলার
মধ্য দিয়ে দিনটিকে উদযাপন করার জন্য অনুরোধ জানিয়েছেন।

* * * * *

Weather :

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ
তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর
কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি
সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

* * * * *